# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০২৪৭৭৭৮৭৮৮১
Web Site: www.chuadangapourashava.org, E-mail:mayor16cp@gmail.com

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং- চুয়াঃ পৌঃ/২০২২/১২৮৫ তারিখঃ- ৩১/০৭/২০২২খ্রিঃ

প্রাপক,

প্রকল্প পরিচালক,
তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III),
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর,
আগারগাঁও, শেরে বাংলা নগর,
ঢাকা-১২০৭।

বিষয়ঃ বাংলাদেশ সরকার, ADB ও OFID সহায়তাপুষ্ট তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III), এর আওতায় পৌরসভায় বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য ০২টি বস্তির কমিউনিটি কর্ম পরিকল্পনা (CAP) প্রস্তুত পূর্বক অত্র প্রেরণ প্রসঙ্গে।

উপযুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকার, ADB ও OFID সহায়তাপুষ্ট তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্পের আওতায় চুয়াডাঙ্গা পৌরসভায় বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য ০২টি বস্তি যথা ইসলামপাড়ার খাল পাড়া বস্তি ও রেলপাড়ার মাঠ পাড়া বস্তির কমিউনিটি কর্ম পরিকল্পনা (CAP) প্রস্তুত পূর্বক আপনার সদয় অবগতি ও প্রযোজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হল।

(জাহাঙ্গীর আলম মালিক)
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা
ফোন ঃ ০২৪৭৭৭৮৭৮৮১
E-mail: mayor16cp@gmail.com



সময়মত পৌরকর এবং পানির বিল পরিশোধ করুন। আপনার শিশুকে টিকা দিন। আপনার শহর পরিষ্কার রাখুন

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

প্রাপকঃ

| | | |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য |
| ০২. | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য |
| ০৩. | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য |
| ০৪. | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য |
| ০৫. | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি |
| ০৬. | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৭. | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৮. | কে এম আব্দুস সবুর খান, বস্তি উন্নয়ন কর্মকর্তা | সাচিবিক |

উপর্যুক্ত বিষয়ে সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ২৬/০৭/২০২২ ইং তারিখঃ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী" কমিটির সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ-

০১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
০২. কমিউনিটি এ্যাক্শন প্লান (CAP) প্রস্তুত পূর্বক সভায় অনুমোদন প্রসঙ্গে আলোচনা।

অনুলিপি ঃ-সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ
১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২. অফিস নথি।

( মুন্সি আলাউদ্দীন আহম্মেদ )
সভাপতি
"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন" বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্থান ঃ পৌরসভা মিলনায়তন।

তারিখ ঃ ২৬/০৭/২০২২ ইং

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভাপতিঃ জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

উক্ত সভা পৌরসভা মিলনায়তনে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, এর সভাপতিত্বে সকাল ১১.০০ ঘটিকায় ২৬/০৭/২০২২ ইং তারিখে অনুষ্ঠিত হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো ঃ-

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | পূর্ববতী সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতির অনুমতি ক্রমে, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জনাব কে এম আব্দুস সবুর খান বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনার পর কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্ব-সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। গত সভার কার্য বিবরণী অনুমোদন করা। | সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ২। | কমিউনিটি এ্যাক্শন প্লান (CAP) প্রস্তুতপূর্বক সভায় অনুমোদন হওয়া প্রসঙ্গে আলোচনা। | সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব, কে এম আব্দুস সবুর খান বলেন পৌরসভার ২৮-০৬-২০২২ইং তারিখে পৌর পরিষদের ১৪ নং মাসিক সভার সিদ্ধান্তের আলোকে ইসলামপাড়ার খাল পাড়া বস্তি ও রেলপাড়ার মাঠ পাড়া বস্তি দুইটির কমিউনিটি এ্যাক্শন প্লান (CAP) ইতিমধ্যে প্রস্তুত করা হয়েছে। কিন্তু প্রকল্পের নির্দেশনা মোতাবেক কমিউনিটি এ্যাকশন্ প্লান প্রস্তুতের পর দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় অনুমোদনের বাধ্যবাধকতা রয়েছে। দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন প্রকল্পের মাধ্যমে উল্লেখিত বস্তির উন্নয়ন করা হলে বস্তিতে বসবাসরত দরিদ্র জনসাধারণের জীবনযাত্রার মান উন্নয়ন সহ আর্থ-সামাজিক ভাবেও তারা মর্যাদাশীল হবে। কমিটির অপর সদস্য সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা, মোছাঃ শেফালী খাতুন বলেন অনুমোদিত বস্তির প্রস্তুতকৃত কমিউনিটি এ্যাক্শন প্লান আজকের সভায় অনুমোদন করা যেতে পারে। কমিটির অপর সদস্য সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা, মোছাঃ শাহিনা খাতুন বলেন দরিদ্র এলাকায় ফুটপাত, টিউবওয়েল, ল্যাট্রিন, সোলার লাইট, ডাস্টবিন ইত্যাদি কাজ বাস্তবায়ন করা হলে তারা বেশ উপকৃত হবে। দরিদ্র শ্রেণীর প্রতিনিধি জনাব মোঃ জিনারুল ইসলাম বলেন বস্তির উন্নয়নের স্বার্থে প্রস্তুতকৃত কমিউনিটি এ্যাক্শন প্লান অনুমোদন হলে অনুমোদিত বস্তিতে যে সকল দরিদ্র শ্রেণীর মানুষ বসবাস করে তারা বেশ উপকৃত হবে। কমিটির অপর সদস্য পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস বলেন প্রকল্প অফিস কর্তৃক অনুমোদন পেলে ক্যাপ অনুযায়ী উক্ত বস্তিতে অবকাঠামো কাজ বাস্তবায়ন করা হবে। বিস্তারিত আলোচনার পর কমিটির সিদ্ধান্ত মোতাবেক প্রস্তুতকৃত ০২টি বস্তির কমিউনিটি এ্যাকশ্ন প্লান অনুমোদন দেওয়া হয়। এবং প্রকল্প কর্তৃক অনুমোদন পেলে অনুমোদিত বস্তিতে দ্রুত অবকাঠামো কাজ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। প্রস্তুতকৃত ০২টি বস্তির কমিউনিটি এ্যাকশ্ন প্লান অনুমোদন। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

আর বিশেষ কোন আলোচনা না থাকায় কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

স্মারক নং ঃ-

তারিখঃ- ২৭/০৭/২০২২ ইং

অনুলিপি ঃ- সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।

২.সকল সদস্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।


স্থানঃ পৌরসভা মিলনায়তন। তারিখঃ ২৬/০৭/২০২২ইং।

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও স্বাক্ষর নিম্নরুপঃ

| ক্র নং | নাম | পরিচিত | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ | সভাপতি | |
| ২ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য | |
| ৩ | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য | |
| ৪ | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য | |
| ৫ | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য | |
| ৬ | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি | |
| ৭ | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | রুবি |
| ৮ | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | |
| ৯ | কে এম আব্দুস সবুর খান, বস্তি উন্নয়ন কর্মকর্তা | বস্তি উন্নয়ন কর্মকর্তা ও সদস্য সচিব | |

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়
শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০২৪৭৭৭৮৭৮৮১
Web Site: www.chuadangapourashava.org, E-mail:mayor16cp@gmail.com

২৬/০৭/২০২২ইং তারিখে অনুষ্টিতব্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার আলোক চিত্র।





সময়মত পৌরকর এবং পানির বিল পরিশোধ করুন। আপনার শিশুকে টিকা দিন। আপনার শহর পরিস্কার রাখুন

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

প্রাপকঃ

| | | |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য |
| ০২. | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য |
| ০৩. | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য |
| ০৪. | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য |
| ০৫. | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি |
| ০৬. | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৭. | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৮. | কে এম আব্দুস সবুর খান, বস্তি উন্নয়ন কর্মকর্তা | সাচিবিক |

উপর্যুক্ত বিষয়ে সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ১৪/০৮/২০২২ ইং তারিখঃ রবিবার সকাল ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী" কমিটির সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ-

০১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

০২. বাংলাদেশ সরকার, ADB এবং OFID সহায়তায় বাস্তবায়নাধীন তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্পের আওতায় দারিদ্র্যহ্রাসকরণ কর্মপরিকল্পনা (PRAP) ২০২০-২০২৫ খসড়া প্রস্তুত পূর্বক সভায় অনুমোদন প্রসঙ্গে আলোচনা।

অনুলিপি ঃ-সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ
১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২. অফিস নথি।

( মুন্সি আলাউদ্দীন আহম্মেদ )
সভাপতি
"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন" বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ১৪/০৮/২০২২ ইং
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভাপতিঃ জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

উক্ত সভা পৌরসভা মিলনায়তনে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, এর সভাপতিত্বে সকাল ১১.০০ ঘটিকায় ১৪/০৮/২০২২ ইং তারিখে অনুষ্ঠিত হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো ঃ-

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | পূর্ববর্তী সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতির অনুমতি ক্রমে, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জনাব কে এম আব্দুস সবুর খান বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনার পর কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্ব-সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। গত সভার কার্য বিবরণী অনুমোদন করা। | সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী |
| ২। | বাংলাদেশ সরকার, ADB এবং OFID সহায়তায় বাস্তবায়নাধীন তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্পের আওতায় দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনা (PRAP) ২০২০-২০২৫ খসড়া প্রস্তুত পূর্বক সভায় অনুমোদন প্রসঙ্গে। | সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব, কে এম আব্দুস সবুর খান বলেন পৌরসভায় (PRAP) সঠিক ভাবে বাস্তবায়নের লক্ষে ২০২০-২০২৫ইং সালের দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনার খসড়া প্রস্তুত করা হয়েছে। প্রকল্পের নির্দেশনা মোতাবেক দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনাটি প্রস্তুতের পর দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় অনুমোদনের বাধ্যবাধকতা রয়েছে। দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন কর্মপরিকল্পনা অনুযায়ী কোন কাজ বাস্তবায়ন করতে পারলে দরিদ্র জনসাধারণের জীবনযাত্রার মান উন্নয়ন করা সম্ভব। এবং বিভিন্ন ধরনের প্রশিক্ষণের মাধ্যমে হতদরিদ্রদের কর্মের ব্যবস্থা করা হলে তারা সমাজে আর্থ-সামাজিক ভাবেও অনেকটা মর্যাদাশীল হবে। কমিটির অপর সদস্য সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা, মোছাঃ শাহিনা খাতুন বলেন বাংলাদেশ সরকার, ADB এবং OFID সহায়তায় বাস্তবায়নাধীন তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্পের আওতায় দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনা ২০২০-২০২৫ খসড়া প্রস্তুত পূর্বক আজকের সভায় অনুমোদন করা যেতে পারে। কমিটির অপর সদস্য জনাব মোঃ উজ্জ্বল হোসেন বলেন উক্ত কর্মপরিকল্পনাটি পৌরসভা পর্যায়ে সঠিক ভাবে বাস্তবায়ন করা দরকার। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেণীর প্রতিনিধি জনাব মোঃ জিনারুল ইসলাম বলেন দরিদ্র মানুষের উন্নয়নের স্বার্থে প্রস্তুতকৃত দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনাটি অনুমোদন হলে দরিদ্র শ্রেণীর মানুষ বেশ উপকৃত হবে। কমিটির অপর সদস্য পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস বলেন প্রকল্পের নির্দেশনা অনুযায়ী উক্ত কর্মপরিকল্পনাটি প্রস্তুত করা হয়েছে। বিস্তারিত আলোচনার পর কমিটির সিদ্ধান্ত মোতাবেক প্রস্তুতকৃত ২০২০-২০২৫ইং সালের কর্মপরিকল্পনাটি অনুমোদন দেওয়া হয়। | ২। প্রস্তুতকৃত ২০২০-২০২৫ইং সালের কর্মপরিকল্পনাটি অনুমোদন। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

আর বিশেষ কোন আলোচনা না থাকায় কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

স্মারক নং ঃ-
তারিখঃ- ১৪/০৮/২০২২ ইং

অনুলিপি ঃ- সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২.সকল সদস্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্থানঃ পৌরসভা মিলনায়তন। তারিখঃ ১৪/০৮/২০২২ইং।

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও স্বাক্ষর নিম্নরুপঃ

| ক্র নং | নাম | পরিচিত | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ | সভাপতি | |
| ২ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য | |
| ৩ | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য | |
| ৪ | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য | |
| ৫ | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য | |
| ৬ | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি | |
| ৭ | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | |
| ৮ | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | |
| ৯ | কে এম আব্দুস সবুর খান,সমাজউন্নয়ন কর্মকর্তা | সমাজউন্নয়ন কর্মকর্তা ও সদস্য সচিব | |

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail:mayor16cp@gmail.com

১৪/০৮/২০২২ইং তারিখে অনুষ্ঠিতব্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার আলোক চিত্র।






# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

প্রাপকঃ

| | | |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য |
| ০২. | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য |
| ০৩. | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য |
| ০৪. | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য |
| ০৫. | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি |
| ০৬. | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৭. | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৮. | কে এম আব্দুস সবুর খান, সমাজ উন্নয়ন কর্মকর্তা | সাচিবিক |

উপর্যুক্ত বিষয়ে সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ০৬/০৯/২০২২ইং তারিখঃ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী" কমিটির সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ-

০১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
০২. দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ঔষধ প্রদান প্রসঙ্গে আলোচনা।
০৩. ২০২২-২০২৩ইং অর্থবছরের দারিদ্র্যহ্রাসকরণ কর্মপরিকল্পনা সম্পর্কে আলোচনা।
০৪. আর্থিক সাহায্য প্রদান সম্পর্কে আলোচনা।
০৫. দরিদ্র এলাকায় ড্রেন নির্মাণ করা প্রসঙ্গে আলোচনা।
০৬. করোনা ভাইরাস রোধকল্পে সকলকে স্বাস্থ্যবিধি নিশ্চিত করা এবং চাউল, ডাল, তৈল, মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ইত্যাদি প্রদান করা প্রসঙ্গে আলোচনা।

অনুলিপি ঃ-সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ
১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২. অফিস নথি।

( মুন্সি আলাউদ্দীন আহম্মেদ )
সভাপতি
"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন" বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ০৬/০৯/২০২২ ইং
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভাপতিঃ জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

উক্ত সভা পৌরসভা মিলনায়তনে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, এর সভাপতিত্বে সকাল ১১.০০ ঘটিকায় ০৬/০৯/২০২২ ইং তারিখে অনুষ্ঠিত হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো ঃ-

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | পূর্ববর্তী সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতির অনুমতি ক্রমে, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জনাব কে এম আব্দুস সবুর খান বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনার পর কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্ব-সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। গত সভার কার্য বিবরণী অনুমোদন করা। | সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী |
| ২। | দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, বলেন প্রাপ সফল ভাবে বাস্তবায়নের লক্ষ্যে হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করার প্রস্তাব করেন। কমিটির অপর সদস্য ০৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব, মোঃ উজ্জ্বল হোসেন বলেন আমরা আমাদের পৌরসভা হতে প্রতি মাসেই কিছুসংখ্যক হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করে থাকি। কমিটির অপর সদস্য ২নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাব, মোছাঃ শাহিনা খাতুন বলেন পৌরসভা একটি সেবা মূলক প্রতিষ্ঠান সেক্ষেত্রে আমাদের কিছু সংখ্যক হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করা উচিত। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাব মোঃ জিনারুল ইসলাম বলেন আমাদের পৌর এলাকায় এখনও অনেক পরিবার আছে যাদের ঔষধ ক্রয়ের সামর্থ্য নাই তাদের মাঝে ঔষধ ও স্বাস্থ্য সেবা প্রদান করলে তারা বেশ উপকৃত হবে। পরিশেষে হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ২। হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ৩। | ২০২২-২০২৩ইং অর্থবছরের দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ আগামী ২০২২-২০২৩ইং অর্থ বছরের দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনার বাজেট বরাদ্ধ সম্পর্কে জানতে চান। কমিটির সদস্য সচিব জনাব কে এম আব্দুস সবুর খান বলেন প্রতিবারের ন্যায় এবারও পৌরসভার রাজস্ব বাজেট হতে প্রাপ এর আওতায় ৫% বরাদ্ধ রেখে সর্বমোট ৪৫,৬৫,০০০/- (পঁয়তাল্লিশ লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকার কর্মপরিকল্পনা তৈরী করা হয়েছে। যা হত দরিদ্রদের মাঝে বিভিন্ন ধরনের আর্থিক সাহায্য, রিং-স্লাব বিতরণ, নলকুপ স্থাপন, বস্ত্র বিতরণ, ঢেউটিন বিতরণ, ফুটপাত নির্মাণ, ড্রেন নির্মাণ,প্রশিক্ষণ, করোনা, বই বিতরণ ইত্যাদি খাতে ব্যয় করা হবে। বিস্তারিত আলোচনার পর পৌরসভায় প্রণয়নকৃত ২০২২-২০২৩ইং অর্থ বছরের দারিদ্র হ্রাস করণ কর্মপরিকল্পনাটি আগামী নগর সমন্বয় কমিটি এবং মাসিক মিটিং-এ উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩। ২০২২-২০২৩ইং অর্থ বছরের দারিদ্র হ্রাস করণ কর্মপরিকল্পনাটি আগামী নগর সমন্বয় কমিটি এবং মাসিক মিটিং-এ উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ৪। | আর্থিক সাহায্য প্রদান সম্পর্কে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন আমরা পৌরসভার রাজস্ব ফান্ড হতে কিছু সংখ্যক গরীব ও দুস্থ ব্যক্তিদের মধ্যে আর্থিক সাহায্য প্রদান করব। কমিটির অপর সদস্য জনাব, মোঃ উজ্জ্বল হোসেন বলেন হত দরিদ্রদের মাঝে আর্থিক সাহায্য প্রদান করলে তারা বেশ উপকৃত হবে। কমিটির অপর সদস্য জনাব, মোছাঃ শাহিনা খাতুন বলেন, গরীব ও দুস্থ ব্যক্তিদের মধ্যে আর্থিক সাহায্য প্রদনের মাধ্যমে যারা আর্থিক ভাবে অস্বচ্ছল তাদেরকে ব্যবসা বানিজ্যের মাধ্যমে আর্থিক ভাবে স্বচ্ছল করা সম্ভব। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাব মোছাঃ রুবি খাতুন বলেন পৌরসভা হতে প্রতিমাসেই কম বেশি আর্থিক সাহায্য প্রদান করা হয়। পরিশেষে গরীব ও দুস্থ ব্যক্তিদের মধ্যে আর্থিক সাহায্য প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৪। গরীব ও দুস্থ ব্যক্তিদের মাঝে আর্থিক সাহায্য প্রদান করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫। | দরিদ্র এলাকায় ড্রেন নির্মাণ করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন পৌর এলাকার মধ্যে কিছু দরিদ্র এলাকা আছে যেখানে অল্প বৃষ্টিতেই পানি জমা হয়ে থাকে সেখানে ড্রেন নির্মান করা দরকার। সভায় উপস্থিত কমিটির অন্যতম সদস্য পৌর মেয়র জনাব, জাহাঙ্গীর আলম মালিক বলেন দরিদ্র এলাকায় ড্রেন নির্মাণ ও সংস্কার করা দরকার। যাতে করে জনগনের চলাচলে অনেকটা সুবিধা হয়। কমিটির সদস্য সচিব জনাব, কে এম আব্দুস সবুর খান বলেন (২০২২-২০২৩) ইং অর্থ বছরে দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনায় ফুটপাত নির্মানের জন্য ৪,০০,০০০/ (চার লক্ষ) টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে। কমিটির অপর সদস্য জনাবা, মোছাঃ শেফালী খাতুন বলেন যেহেতু বাজেটে বরাদ্দ রাখা হয়েছে সেহেতু উক্ত কাজ বাস্তবায়ন করা হলে এলাকাবাসী খুব উপকৃত হবে। কমিটির অপর সদস্য পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস বলেন বাজেট বরাদ্দ থাকায় উক্ত কাজ বাস্তবায়ন করা যেতে পারে। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাবা মোছাঃ রুবি খাতুন উক্ত কাজ দ্রুত বাস্তবায়ন করার প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত কাজ বাস্তবায়ন সিদ্ধান্ত গৃহীত হয়। | ৫। দরিদ্র এলাকায় ড্রেন নির্মাণ করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ৬। | করোনা ভাইরাস রোধকল্পে সকলকে স্বাস্থ্যবিধি নিশ্চিত করণ করা এবং চাউল, ডাল, তৈল, মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, ইত্যাদি প্রদান করা প্রসঙ্গে আলোচনা। | কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, বলেন, করোনা ভাইরাস রোধকল্পে সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। সেই সাথে হ্যান্ডওয়াশ কিংবা সাবান দিয়ে ২০ সেকেন্ড ভালোভাবে হাত ধৌত করতে হবে। এবং মাঝে মধ্যে হ্যান্ডস্যানিটাইজার হাতে লাগাতে হবে। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন দেশব্যাপী করোনা ভাইরাস এর প্রদুর্ভাব রোধকল্পে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের জারীকৃত নির্দেশনা পালনপূর্বক সবাইকে সচেতন থাকার পরামর্শ দিতে হবে। সেই সাথে হত দরিদ্রদের মাঝে চাউল, ডাল, তৈল, মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, ইত্যাদি প্রদান করা যেতে পারে। কমিটির অপর সদস্য দরিদ্রশ্রেনীর প্রতিনিধি জনাব মোঃ জিনারুল ইসলাম বলেন করোনাকালীন সময়ে উক্ত মালামাল হত দরিদ্রদের মাঝে বিতরণ করলে তারা বেশ উপকৃত হবে। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী করোনা ভাইরাস রোধকল্পে সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার সিদ্ধান্ত গৃহিত হয়। | ৬। করোনা ভাইরাস রোধকল্পে সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

আর বিশেষ কোন আলোচনা না থাকায় কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

স্মারক নং ঃ-
তারিখঃ- ০৬/০৭/২০২২ ইং

অনুলিপি ঃ- সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২.সকল সদস্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্থানঃ পৌরসভা মিলনায়তন।　　　　　　　　　　　　　　　　　　তারিখঃ ০৬/০৯/২০২২ইং।

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও স্বাক্ষর নিম্নরুপঃ

| ক্র নং | নাম | পরিচিত | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ | সভাপতি | |
| ২ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য | |
| ৩ | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য | |
| ৪ | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য | |
| ৫ | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য | |
| ৬ | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি | |
| ৭ | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | |
| ৮ | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | |
| ৯ | কে এম আব্দুস সবুর খান, সমাজ উন্নয়ন কর্মকর্তা | সমাজ উন্নয়ন কর্মকর্তা ও সদস্য সচিব | |

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail:mayor16cp@gmail.com


## ০৬/০৯/২০২২ইং তারিখে অনুষ্ঠিতব্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার আলোক চিত্র।







সময়মত পৌরকর এবং পানির বিল পরিশোধ করুন। আপনার শিশুকে টিকা দিন। আপনার শহর পরিস্কার রাখুন